



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/ ১০০২৬

তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/১০৮৭৯; তারিখঃ ২৯/১২/২০১৬খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৪৩.৬৯১৫.০০৮.০০.০১৬.১৬-১১০৭; তারিখঃ ১১/১২/২০১৬খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/১০৫৫০; তারিখঃ ১৬/১০/২০১৬খ্রিঃ
৪) নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/১০২৭৮; তারিখঃ ০৭/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বাটরা গোপালপুর দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মাহবুব-উল-হক (বাচ্চু) এর বেপরোয়া আচরনসহ স্বার্থ বিরোধী কর্মকাণ্ডের কারণে প্রতিষ্ঠান পরিচালনায় সমস্যা হওয়ায় বর্তমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে মাদরাসার সুপার মাওঃ মুহাঃ জিয়াউল হক সাবেকী আবেদন করেন। আবেদনপত্রে স্থানীয় মাননীয় সংসদ সদস্য, ৬১-নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন।

২) সভাপতি হিসাবে জনাব মোঃ মাহবুব-উল-হক (বাচ্চু) এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ মাহবুব-উল-হক (বাচ্চু) এর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি জবাব দাখিল করেছেন। জবাবে তিনি আনীত অভিযোগসমূহ মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন মর্মে দাবী করেন।

৩) পরবর্তীতে অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোরকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর এর মাধ্যমে সরজমিনে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রতিষ্ঠাতা সুপার জনাব মাওঃ মুহাঃ জিয়াউল হক সাবেকী কর্তৃক আনীত অভিযোগ সত্য মর্মে উল্লেখ করা হয়েছে এবং বিদ্যমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠন করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

৪) তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে সভাপতি/সদস্যবৃন্দ ও সুপারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি মহোদয় যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়। এছাড়া মাদরাসার সুপার কর্তৃক কোন জবাব দাখিল করা হয়নি বিধায় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার ক্ষেত্রে তার কোন আপত্তি নেই মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৬২৫৪/নথি নং- ৪৯; তারিখঃ ১৭/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, বাটরা গোপালপুর দাখিল মাদরাসা, বড়াইগ্রাম, নাটোর।

নং- বামাশিবো/প্রশা/ নাটোর-৪৯/

তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
২. জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বড়াইগ্রাম, নাটোর।
৪. সভাপতি/সদস্য- ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, বাটরা গোপালপুর দাখিল মাদরাসা, বড়াইগ্রাম, নাটোর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪